শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/এ/টি-১৬৪/প্রশাঃ/২০১১/ ৬০৪ তারিখ: ২৪-০২-২০২২

বিষয়: চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি মোসা: রোকসানা পারভীন, প্রভাষক, কৃষি পরিসংখ্যান বিভাগ, শেকৃবি, ঢাকা এবং

যেহেতু ৩০-০৭-২০১৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে মাননীয় ভাইস-চ্যান্সেলর কর্তৃক আপনার অনুকূলে ০৪-০৯-২০১৩ হতে ০৩-০৯-২০১৪ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর ছুটি {তন্মধ্যে ০৪-০৯-২০১৩ হতে ২৪-১২-২০১৩ তারিখ পর্যন্ত ৮৪ (চুরাশি) দিন বেতনে অর্জিত ছুটি ও ২৫-১২-২০১৩ হতে ০৩-০৯-২০১৪ তারিখ পর্যন্ত ২৭৬ (দুইশত ছিয়াত্তর) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি} মঞ্জুরসহ বহিঃবাংলাদেশ (আমেরিকা) গমনের অনুমোদন করা হয় এবং আপনি উক্ত ছুটি নিয়ে আমেরিকা গমন করেন। এবং

যেহেতু পরবর্তীতে ২৪-০৮-২০১৪ তারিখ আপনি বিনা বেতনে অসাধারণ ছুটি বর্ধিতকরনের আবেদন করেন। কিন্তু আপনার আবেদন বিবেচিত না হওয়ায় আপনাকে তা পত্র দ্বারা জানানো হলে আপনি কর্মস্থলে যোগদান না করে পুনরায় ২৫-১০-২০১৫ তারিখে উক্ত ছুটির ধারাবাহিকতায় আপনার শারিরীক অসুস্থতা/স্বাস্থ্যগত সমস্যার জন্য ০৪-০৯-২০১৪ থেকে ০৩-০৯-২০১৫ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের বিনা বেতনে ছুটি বর্ধিতকরণের আবেদন করেন। এবং

যেহেতু আপনার প্রার্থীত ছুটি মঞ্জুরের বিষয়টি বিবেচনার জন্য সিন্ডিকেটের ৬৮তম সভায় উপস্থাপিত হয় এবং সিন্ডিকেট কর্তৃক আপনার অনুকূলে ০৪-০৯-২০১৪ তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাস অর্থাৎ ০৩-০৩-২০১৫ তারিখ পর্যন্ত বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হয়, যা ১৩-০১-২০১৫ তারিখের শেকৃবি/প্রশাঃ/সিঃবাস্তঃ-৬৮/১৫/৬৮৫ সংখ্যক পরিপত্রের মাধ্যমে আপনাকে জানানো হয়। এবং

যেহেতু আপনি ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে ০৩-০৩-২০১৫ তারিখ পুনরায় ০৪-০৩-২০১৫ হতে ০৩-০৯-২০১৫ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাস বিনা বেতনে অসাধারন ছুটি বর্ধিত করণের জন্য আবেদন করেন, যা বিশ্ববিদ্যালয় কর্তৃক বিবেচিত না হওয়ায় ০৮-০৪-২০১৫ তারিখের শেকৃবি/এ/টি-১৬৪/প্রশাঃ/১৫-২০৩২ সংখ্যক স্মারকমূলে আপনার বিষয়টি অবহিতকরণসহ ৩০-০৪-২০১৫ তারিখের মধ্যে যুক্তরাষ্ট্র হতে দেশে ফিরে কর্মস্থলে যোগদানের নির্দেশনা দেয়া হয়। এবং

যেহেতু আপনি নির্ধারিত সময়ের মধ্যে (৩০-০৪-২০১৫ তারিখের মধ্যে) যুক্তরাষ্ট্র হতে দেশে ফিরে কর্মস্থলে যোগদান করেননি। এবং

যেহেতু আপনি ০৪-০৩-২০১৫ তারিখ হতে অননুমোদিত ভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এবং

যেহেতু আপনার এরূপ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি কার্যকলাপ শেকৃবি'র জন্য প্রযোজ্য ও প্রচলিত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২ (ডি) উপ-বিধি তথা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (এফ) উপ-বিধিতে বর্ণিত "পলায়ন (Desertion)" অর্থ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর অপরাধ বিবেচনায় আপনার বিরুদ্ধে ১৮-০৫-২০১৫ তারিখ শেকৃবি/এ/টি-১৬৪/প্রশাঃ/১৫-২২৯৬ স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারী করা হয়। উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিত জবাবসহ ব্যক্তিগত স্বাক্ষাত করে দলিল দস্তাবেজ উপস্থাপনের বিষয়ে বলা হয়েছিল এবং ১২-০৭-২০১৫ তারিখ শেকৃবি/এ/টি-১৬৪/প্রশাঃ/১৫-১৩৬ স্মারকমূলে বিনা বেতনে শিক্ষাছুটি এবং দেশে ফিরে কর্মস্থলে যোগদান প্রসঙ্গেও পত্র দেওয়া হয়েছিল কিন্তু উভয় বিষয়েই আপনি কোন জবাব দাখিল

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/এ/টি-১৬৪/প্রশাঃ/২০১১/৬০৪ তারিখ: ২৪-০২-২০২২

করেননি বিধায় ১৩-১০-২০১৫ তারিখ শেকৃবি/এ/টি-১৬৪/প্রশাঃ/১৫-৬৭৩ স্মারকমূলে ০১ (এক) টি এবং পরবর্তীতে ৩১-১২-২০২০ তারিখ শেকৃবি/আই-০৯/প্রশাঃ/২০২০/১৯৬৫ স্মারকমূলে ০১ (এক) টি তদন্ত কমিটি গঠন করা হয়।

যেহেতু ৩১-১২-২০২০ তারিখ শেকৃবি/আই-০৯/প্রশাঃ/২০২০/১৯৬৫ স্মারকমূলে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ তথা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (এফ) উপ-বিধিতে বর্ণিত "পলায়ন (Desertion)" অর্থ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর অভিযোগ সন্দেহাতীত ও যৌক্তিকভাবে প্রমাণিত হয়েছে এবং

যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপ-বিধি ৩ অনুযায়ী গুরুদন্ডের আওতায় আপনাকে চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service) যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হয়েছে।

যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (এফ) উপ-বিধিতে বর্ণিত "পলায়ন (Desertion)" অর্থ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর অভিযোগ সন্দেহাতীত ও যৌক্তিকভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ এর উপ-বিধি ৩ অনুযায়ী গুরুদন্ডের আওতায় কেন আপনাকে চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হবে না সে বিষয়ে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হয় এবং আপনি তা সত্বেও নির্ধারিত সময় অতিবাহিত হয়ে যাবার পরও কোন জবাব প্রদান করেননি এবং

যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (এফ) উপ-বিধিতে বর্ণিত "পলায়ন (Desertion)" অর্থ বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ এর উপ-বিধি ৩ অনুযায়ী গুরুদন্ডের আওতায় কেন আপনাকে শাস্তি প্রদান করা হবে না সে বিষয়ে চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ বরাবর আপনাকে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া গেল। নির্ধারিত সময়ের মধ্যে জবাব না পাওয়া গেলে ধরে নেয়া হবে এ অভিযোগে আপনার কোন জবাব নেই এবং তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষ আপনার বিষয়ে একতরফা আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করার এখতিয়ার রাখেন। জবাব প্রদানের সুবিধার্থে তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের ছায়ালিপি এতদ্সংগে সংযুক্ত পূর্বক প্রেরণ করা হলো।

প্রাপক:
মোসা: রোকসানা পারভীন
প্রভাষক, কৃষি পরিসংখ্যান বিভাগ, শেকৃবি, ঢাকা
(অনুমোদিতভাবে যুক্তরাষ্ট্রে গমনের পর বর্তমানে অননুমোদিতভাবে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন)

স্থায়ী ঠিকানা:
মোসা: রোকসানা পারভীন
পিতা: মো: আলমগীর হোসেন সিকদার
গ্রাম: কালিকাপুর, ডাকঘর: গুয়াবাড়িয়া
উপজেলা: হিজলা, জেলা: বরিশাল।
ই-মেইল: rpervin_26@yahoo.com

মাননীয় ভাইস-চ্যান্সেলরের অনুমোদনক্রমে,

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার